প্রত্নসম্পদ ও সংরক্ষণ শাখা
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

| প্রত্নতত্ত্ব অধিদপ্তর কর্তৃক সংরক্ষিত ঘোষিত পুরাকীর্তির তালিকা |
|---|
| জেলার নাম: **নোয়াখালী** |
| সংরক্ষিত ঘোষিত পুরাকীর্তির সংখ্যা: **০২ টি (আগস্ট ২০২৪ পর্যন্ত)** |

| ক্রম | প্রত্নস্থল/পুরাকীর্তি | আলোকচিত্র | অবস্থান | জিও কো- অর্ডিনেট | প্রজ্ঞাপন/গেজেট | সংক্ষিপ্ত বর্ণনা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | **বজরা শাহী মসজিদ** |  | **বেগমগঞ্জ**<br><br>বজরা | ২৩°০০'১৪.৬" উ.<br>৯১°০৫'৩৫.২" পূ. | বাংলাদেশ গেজেট<br><br>০৫ আগস্ট ১৯৯৯ | ১৭৪১ খ্রিস্টাব্দে বজরা শাহী মসজিদটি জনৈক আমান উল্লাহ কর্তৃক নির্মিত। আয়তাকার মসজিদটির চার কোণায় অষ্টভুজাকৃতির বুরুজ বা মিনার রয়েছে। মসজিদের পূর্বে ৩টি, উত্তরে ও দক্ষিণে ১টি করে প্রবেশপথ রয়েছে। মসজিদের অভ্যন্তরে ৩টি মিহরাব রয়েছে। ছাদের উপর পদ্মকলস সজ্জিত ৩টি গম্বুজ রয়েছে। গম্বুজের ড্রামে এবং ছাদের প্রাচীরে মারলন নকশা দেখা যায়। ১৯১১ থেকে ১৯২৮ খ্রি. বজরা জমিদার খান বাহাদুর আলী আহমদ ও খান বাহাদুর মুজির উদ্দিন আহমদ মসজিদটি সংস্কার এবং সিরামিকের<br>মোজাইক দিয়ে সজ্জিত করেন। |
| ২. | **রমজান মিয়া জামে মসজিদ (বায়তুল আমান জামে মসজিদ)** |  | কবিরহাট<br><br>দৌলত রামদি | ২২°৫১'০৮.০" উ.<br>৯১°১৩'৫৮.৫" পূ. | বাংলাদেশ গেজেট<br><br>০৫ জানুয়ারি ২০১১<br>(১ম খণ্ড, পৃষ্ঠা নং-২৪০) | রমজান মিয়া জামে মসজিদ (বায়তুল আমান জামে মসজিদ) মোগল স্থাপত্য শৈলীর এক অনন্য নিদর্শন। আনুমানিক খ্রিস্টীয় ১৮ শতকে নির্মিত এ মসজিদটিতে পদ্মকলস সজ্জিত তিনটি গম্বুজ রয়েছে। স্থানীয়ভাবে মসজিদটি চৌধুরী বাড়ি মসজিদ নামেও পরিচিত। গম্বুজের ড্রামে এবং ছাদের প্রাচীরে মারলন নকশা দেখা যায়। |